

ফাতওয়া নান্বার: ৩৮৫

প্রকাশকাল: ১৩-০৭-২০২৩ ইং

## পাসপোর্ট চেকিং কালে নিকাব খুলতে বললে কী করণীয়?

### প্রশ্ন:

বিমানে ভ্রমণের ক্ষেত্রে এয়ারপোর্টে পাসপোর্ট চেকিং কালে নিকাব খুলতে বলা হলে কী করণীয়? আমি উমরার সময় বাংলাদেশের এয়ারপোর্টে এমন অবস্থার সম্মুখীন হয়েছিলাম। ইমিগ্রেশন কাউন্টারে পুরুষ পুলিশের সামনে নিকাব খুলে চেহারা দেখাতে হয়। সেখানে কোনও মহিলা পুলিশ নেই। সৌদি আরবে যেমন থাকে। তাই এক্ষেত্রে করণীয় কী? এছাড়া পাসপোর্টে তো ছবি দেওয়া আছে। আল্লাহ আমাকে মাফ করুন, ছবি কান খুলে তোলার নিয়ম। তাই ওভাবে তুলতে হয়েছে। পাসপোর্ট জমা দিলেও বেপর্দা হতে হচ্ছে। এখন জানার বিষয় হলো, এভাবে হজ কিংবা উমরাতে যাওয়ার বিধান কী?

-উম্মে আব্দুর রাহমান

### উত্তর:

সরকারের জন্য এমন নিয়ম করা অন্যায, যাতে একজন নারীর ছবি কিংবা চেহারা পরপুরুষকে প্রদর্শন করতে হয়। কারণ তারা চাইলে এটা ছাড়াও নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করা সম্ভব। তথাপিও সরকার এমন নিয়ম করলে, মুসলিমদের জন্য এই ওজরে হজ-উমরা বন্ধ করার সুযোগ নেই। কারও সামর্থ্য থাকলে এই পরিস্থিতির সম্মুখীন হওয়া থেকে বাঁচার চেষ্টা করবেন। সামর্থ্য না থাকলে তিনি এভাবেই হজ-উমরা পালন করবেন এবং অক্ষমতার জন্য ইস্তেগফার করবেন। এই

অন্যায়ের দায়ভার মূলত আইন প্রণয়নকারী ও প্রয়োগকারী কর্তৃপক্ষের উপর বর্তাবে হজ, উমরা ও নফল, ফরয সবগুলোর বিধানই এক্ষেত্রে অভিন্ন।

অবশ্য এমন আশঙ্কা আগে থেকে জানা থাকলে চেহরায় সজ্জা গ্রহণ থেকে বিরত থাকবেন।-তাকমিলাতু ফাতহিল মুলহিম: ৪/১৪২; জাওয়াহিরুল ফিকহ: ৭/২৫৬-২৫৭; কিতাবুন নাওয়াযিল: ১৬/৪৮৮-৪৮৯; ফাতাওয়া কাসিমিয়াহ: ২৫/৫৬২-৫৬৪; ফাতাওয়া বাইয়িনাত: ৪/৪১২-৪১৫; দারুল ইফতা, জামিয়া ইসলামিয়াহ বিমুরী টাউন, করাচী, ফাতওয়া নং: ১৪৩৮০৯২০০০২৫ আরও দেখুন ফাতওয়া নং ২৯৪-[ভোটের আইডির জন্য পর্দা লঙ্ঘন করার সুযোগ আছে কি?](#)

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

২২-০৭-১৪৪৪ হি.

১৪-০২-২০২৩ ইং

